

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষ যে কাজ করে, সেজন্য আল্লাহর কাছে তাওবা করার নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ بِالِاسْتِغْفَارِ لِلَّهِ جَلَّ وَعَلَا لِلْمَرْءِ عَمَّا ارْتَكَبَهُ مِنَ الْحَوْبَاتِ

আরবী

925 _ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّتَنَا أَبُو الْوَلِيدِ عَنْ شُعْبَةَ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ أَخْبَرَنِي قَالَ: سَمِعْتُ أَبَا بُرْدَةَ يَقُولُ: سَمِعْتُ رَجُلًا مِنْ جُهَيْنَةَ يُقَالُ لَهُ: الْأَغَرُّ مِنْ أَخْبَرَنِي قَالَ: سَمِعْتُ أَبُو بَعْرَ أَنَّهُ مِنْ جُهَيْنَةَ يُقَالُ لَهُ: الْأَعَرُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحَدِّثُ ابْنِ عُمَرَ أَنَّهُ سَمِعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحَدِّثُ ابْنِ عُمَرَ أَنَّهُ سَمِعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يَا أَيُّهَا النَّاسُ تُوبُوا إِلَى رَبِّكُمْ فَإِنِي أَتُوبُ إِلَيْهِ كُلَّ يَوْمٍ مئة مرة) وَسَلَّمَ يَقُولُ: (يَا أَيُّهَا النَّاسُ تُوبُوا إِلَى رَبِّكُمْ فَإِنِي أَتُوبُ إِلَيْهِ كُلَّ يَوْمٍ مئة مرة) الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 925 ا خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تُوبُوا إِلَى رَبِّكُمْ) يُرِيدُ بِهِ: اسْتَغْفِرُوا رَبَّكُمْ

وَكَذَلِكَ قَوْلُهُ: (فَإِنِي أَتُوبِ إِلَيه كُل يوم مئة مَرَّةٍ) وَكَانَ اسْتِغْفَارُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ لِتَقْصِيرِهِ فِي الطَّاعَاتِ الَّتِي وَظَّفَهَا عَلَى نَفْسِهِ لِأَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ مِنْ أَخْلَاقِهِ إِذَا عَمِلَ خَيْرًا أَنْ يُثْبِتَهُ فَيَدُومَ عَلَيْهِ فَرُبَّمَا اشْتَغَلَ فِي بَعْضِ الْأَوْقَاتِ كَانَ مِنْ أَخْلَاقِهِ إِذَا عَمِلَ خَيْرًا أَنْ يُثْبِتَهُ فَيَدُومَ عَلَيْهِ فَرُبَّمَا اشْتَغَلَ فِي بَعْضِ الْأَوْقَاتِ عَنْ ذَلِكَ الْخَيْرِ الَّذِي كَانَ يُواظِبُ عَلَيْهِ بِخَيْرٍ آخَرَ مِثْلُ اشْتِغَالِهِ بِوَقْد بَنِي تَمِيمٍ وَالْقِسْمَةِ عَنْ ذَلِكَ الْخَيْرِ الَّذِي كَانَ يُواظِبُ عَلَيْهِ بِخَيْرٍ آخَرَ مِثْلُ اشْتِغَالِهِ بِوَقْد بَنِي تَمِيمٍ وَالْقِسْمَةِ فَيْهُمْ عَنِ الرَّكْعَتَيْنِ اللَّتَيْنِ كَانَ يُصَلِّيهِمَا بَعْدَ الظُّهْرِ فَلَمَّا صَلَّى الْعُصْرَ أَعَادَهُمَا فَكَانَ اسْتِغْفَارُهُ صَلَّى الثَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلتَّقْصِيرِ فِي خَيْرٍ اشْتَغَلَ عَنْهُ بِخَيْرٍ ثَانٍ عَلَى حَسَبِ مَا اسْتِغْفَارُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلتَّقْصِيرِ فِي خَيْرٍ اشْتَغَلَ عَنْهُ بِخَيْرٍ ثَانٍ عَلَى حَسَبِ مَا وَصَلَقًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلتَّقْصِيرِ فِي خَيْرٍ اشْتَغَلَ عَنْهُ بِخَيْرٍ ثَانٍ عَلَى حَسَبِ مَا وَصَنَفْنَا.

বাংলা



৯২৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "হে লোকসকল, তোমরা তোমাদের প্রতিপালকের কাছে তাওবা করো, কেননা নিশ্চয়ই আমি তাঁর কাছে দিনে একশতবার তাওবা করি।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ব্রুব্য "তোমরা তোমাদের প্রতিপালকের নিকট তাওবা করো" এর দ্বারা উদ্দেশ্য হলো "তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা করো। অনুরুপভাবে তাঁর এই বক্তব্যের ক্ষেত্রেও প্রযোজ্য "কেননা নিশ্চয়ই আমি তাঁর কাছে দিনে একশতবার তাওবা করি"। আর তাঁর ইন্তিগফার ছিল যেসব ইবাদত তিনি নিজের জন্য দায়িত্ব হিসেবে গ্রহণ করে নিয়েছিলেন, তাতে কোন কোন সময় (তার চেয়েও বেশি গুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত হওয়ার কারণে) কমতি হওয়ার কারণে। কারণ তাঁর এটা বৈশিষ্ট ছিল যে, তিনি কোন ভাল আমল করলে, সেখানে তিনি অব্যাহত রাখতেন। অতঃপর কোন কোন সময় অন্য কোন ভাল আমল করতে গিয়ে এমন নিয়মিত পালনীয় আমল করা থেকে বিরত থাকেন যেমন বানী তামীম গোত্রের এক প্রতিনিধি দল আসলে তাদের মাঝে বাহন বন্টন করতে গিয়ে যোহরের পরের দুই রাকা'আত সালাত পড়া হয়নি, ফলে তিনি সেই দুই রাকা'আত সালাত আসরের পরে আদায় করেন। কাজেই তাঁর ইন্তিগফার ছিল একটা ভাল কাজ করতে গিয়ে আরেকটি ভাল কাজ না করতে পারার কারণে, যেমনটা আমরা বর্ণনা করলাম।"

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৯৮; সহীহ মুসলিম: ২৭০২; মুসনাদ আহমাদ: ৪/২৬০; ইমাম বুখারী, আল আদাবুল মুফরাদ: ৬২১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৮৮; নাসাঈ: ৪৪৫; আত তাবারানী: ৮৮৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৪৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন